


যুগান্তর

বাক্বিতে ছাত্রী হলে অগ্নিকাণ্ড

প্রকাশ : ২৮ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 বাক্বি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাক্বি) ছাত্রীদের আবাসিক বেগম রোকেয়া হলে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। শনিবার সন্ধ্যার দিকে হলের ‘এ’ ব্লকের ৫১৩ নম্বর কক্ষে ওই অগ্নিকাণ্ড ঘটে। জানা যায়, ওই কক্ষের একজন ছাত্রী দীপাবলী উপলক্ষে মোমবাতি জ্বালিয়ে জানালার পাশে রেখে কক্ষ তালাবদ্ধ করে বাইরে চলে যায়। ওই মোমবাতি থেকে আগুনের সূত্রপাত। পরে ওই হলের অন্য কক্ষের ছাত্রীরা আগুনের ধোঁয়া দেখতে পেয়ে হল কর্মচারীদের জানায়। হলের কর্মচারীরা তালা ভেঙে আগুন নিয়ন্ত্রণে আনেন। আগুনে ওই ছাত্রীর বই-খাতা ও আসবাবপত্র পুড়ে যায়। তবে কক্ষের অন্য ছাত্রীদের কোনো ক্ষতি হয়নি বলে জানা যায়। এ সময় ঘটনাস্থলে ফায়ার সার্ভিসের দুটি ইউনিট উপস্থিত হয়। এদিকে আগুন লাগার খবর ছড়িয়ে পড়লে ওই হলের ছাত্রীরা তাড়াহুড়ো করে সিঁড়ি দিয়ে নামার সময় একজন আহত হয়। প্রক্টর অধ্যাপক ড. আজহারুল হক বলেন, ঘটনাটি ছাত্রীদের অসাবধানতার কারণে ঘটেছে। এ ব্যাপারে ওই হলের ছাত্রীদের সতর্ক করে দেয়া হয়েছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।